

অ্যাজ ইউ লাইক ইউ

তুমিই বহন করো আমার  
বেতন-ভাতার দায়দায়িত্ব  
টিফিন বাক্সে সারপ্রাইজের  
আলুরদম আর ফুলকো লুচি  
টাঙাও প্রাণে প্রচছদপট  
যেমন অঁকেন শোভন পাত্র  
ওগো নাটোররাজার কন্যা  
রক্ষা করো প্রজার স্বার্থ  
আজকে না হয় না-ই বা দিলে  
মৃত কবির ফটোয় মালা  
আমার কাব্যসুধায় তব  
হৃদয় করি ঝালাপালা  
শৈলাবাসের টিকিট কাটি  
চা খেতে যাই সায়েব পাড়ায়  
রাতবিরেতে ট্যান্সি চেপে  
জীবন রঙ্গনাটে হারায়  
সবাই আমায় গরীব বলুক  
তুমিই বলো —  
মধ্যবিত্ত!

পিনাকী ঠাকুর

